# পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

# অন্তর্বর্তীকালীন সরকারের বিগত এক বছরের (২০২৪-২৫) সাফল্যগাঁথা

২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে ছাত্র-জনতার মেধা, যোগ্যতা ও ন্যায়ভিত্তিক রাষ্ট্রগঠনের এক গণতান্ত্রিক শান্তিপূর্ণ আন্দোলনের ফলশ্রুতিতে গত ৮ আগস্ট ২০২৪ নোবেল বিজয়ী বিশ্ববরেণ্য অর্থনীতিবিদ ড. মুহাম্মদ ইউনুস-এঁর নেতৃত্বে বাংলাদেশে একটি অন্তর্বর্তীকালীন সরকার প্রতিষ্ঠিত হয়।

অন্তর্বর্তীকালীন সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপদেষ্টা হিসেবে প্রথমে দায়িত্ব গ্রহণ করেন প্রয়াত জনাব এ. এফ. হাসান আরিফ। পরবর্তীতে গত ১০ নভেম্বর, ২০২৪ তারিখে জনাব আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপদেষ্টা পদে দায়িত্বভার গ্রহণ করেন। মাননীয় উপদেষ্টা জনাব আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া-এর বলিষ্ঠ নেতৃত্বে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের কার্যক্রম সফলভাবে এগিয়ে যাচ্ছে।

## পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**ভিশন:** আর্থ-সামাজিক উন্নয়নে গ্রামীণ বাংলাদেশ।

**মিশন:** পল্লী উন্নয়নে সমবায়ভিত্তিক কার্যক্রম পরিচালনা এবং অব্যাহত গবেষণার মাধ্যমে পল্লী অঞ্চলে সুসমন্বিত উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন ও দেশের দরিদ্র জনগোষ্ঠির আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন।

**প্রধান কার্যাবলি:**

১. আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমিতি গঠন এবং প্রয়োজনীয় কর্মসূচি/প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন;
২. পল্লী উন্নয়নভিত্তিক নীতিমালা, সমবায় আইন ও বিধি এবং তৎসংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন;
৩. ক্ষুদ্র ঋণ, ক্ষুদ্র সঞ্চয়, সমবায়ভিত্তিক ক্ষুদ্র ও কুটিরশিল্প স্থাপন, সমবায় ব্যাংকিং, সমবায়ী কৃষি খামার সৃষ্টি ও উৎপাদিত পণ্য বাজারজাতকরণ, দুগ্ধ ও অন্যান্য সমবায়ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলার মাধ্যমে উদ্যোক্তা সৃষ্টি;
৪. পল্লী উন্নয়ন ও সমবায়ভিত্তিক মানবসম্পদ উন্নয়ন কর্মসূচি গ্রহণ;
৫. পল্লী উন্নয়নে প্রশিক্ষণ প্রতিষ্ঠান তৈরি, সম্প্রসারণ ও অবকাঠামো নির্মাণ এবং দক্ষ মানবসম্পদ তৈরির মাধ্যমে কর্মসংস্থান বৃদ্ধিকরণ;
৬. পল্লী উন্নয়নভিত্তিক কার্যক্রম বাস্তবায়ন এবং এই সংক্রান্ত বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে সমন্বয় সাধন;
৭. প্রায়োগিক গবেষণার মাধ্যমে পল্লী উন্নয়ন কৌশল ও মডেল উদ্ভাবন এবং সম্প্রসারণ;
৮. সমবায়ভিত্তিক কর্মসূচির মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;
৯. পল্লী উন্নয়ন কর্মসূচিতে জনসাধারণের সম্পৃক্ততা নিশ্চিতকরণ।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক ৩০ ডিসেম্বর ২০২৪ তারিখে ১০ (দশ) জন কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়েছে। এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থার নিয়োগ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্নের নিমিত্ত একটি লিখিত নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনার আলোকে দপ্তর/সংস্থাসমূহে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে। নভেম্বর/২০২৪ মাসে ০৭ (সাত) টি সমবায়ী প্রতিষ্ঠান এবং ০৩ (তিন) জন সমবায়ীকে জাতীয় সমবায় পুরস্কার, ২০২৩ প্রদান করা হয়েছে। এছাড়া যৌক্তিকভাবে এ বিভাগের অধীন ০৩টি প্রতিষ্ঠানের পূর্বের নাম পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত নামগুলো নিম্নরূপ:

ক) পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ;

খ) পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), জামালপুর এবং

গ) পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), রংপুর)।

এছাড়াও পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন ০২টি প্রকল্পের পূর্বের নাম পরিবর্তন করা হয়েছে। পরিবর্তিত নামগুলো নিম্নরূপ:

ক) সমবায় মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্প এবং

খ) দারিদ্র্য বিমোচনের ক্ষুদ্র সঞ্চয় যোজন।

২০২৪-২৫ অর্থবছরে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা কর্তৃক ১৩ টি প্রকল্প বাস্তবায়নাধীন ছিল। এ বিভাগের এডিপি বাস্তবায়ন অগ্রগতি ৭২.৭৮%।

২০২৫-২৬ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অননুমোদিত প্রকল্পের তালিকায় এ বিভাগ ও দপ্তর/সংস্থার মোট ৩০ টি প্রকল্প অন্তর্ভূক্ত হয়েছে তন্মধ্যে ২৫ টি প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে।

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক বাস্তবায়িত সার্বিক গ্রাম উন্নয়ন প্রকল্প (সিভিডিপি)-এর স্থিরচিত্র**



মৌলভীবাজার জেলার আইজিএ প্রশিক্ষণ কার্যক্রম



যশোর জেলায় পল্লী উন্নয়ন মহিলা সমিতির সদস্যদের তৈরিকৃত নকশি কাঁথা

# সমবায় অধিদপ্তর

সমবায় অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি অন্যতম গুরুত্বপূর্ণ জাতি গঠনমূলক দপ্তর। সমবায় অধিদপ্তর জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণে সরকারি উদ্যোগ বাস্তবায়নের অন্যতম প্রধান সংস্থা হিসেবে পরিচিতি লাভ করেছে। সমবায় সমিতির নিবন্ধনসহ বিধিগত বিভিন্ন সেবা, আইনগত পরামর্শ এবং উন্নয়ন ও সম্প্রসারণমূলক কর্মকান্ডের মাধ্যমে সমবায় আন্দোলনকে সহায়তা করা ও জনগণের আর্থ-সামাজিক উন্নয়নের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করা সমবায় অধিদপ্তরের মূল কার্যক্রম। বাংলাদেশের সমবায় খাত গ্রামীণ ও প্রান্তিক জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থান ও সম্পদ সৃষ্টির একটি কার্যকর মডেল হিসেবে কাজ করছে। মার্চ, ২০২৫ পর্যন্ত ১,৭৮,৬৬৭টি সমবায় সমিতির মাধ্যমে ১,২৫,২১,৩১২ জন সমবায়ী সমবায় সেক্টরে অন্তর্ভুক্ত হয়েছে। সমবায় অধিদপ্তর দেশের বিভিন্ন অঞ্চলে সক্রিয় সমবায় সমিতিগুলোর মাধ্যমে কৃষি, প্রাণিসম্পদ, মৎস্য, পর্যটন, ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা এবং হস্তশিল্পভিত্তিক উদ্যোগ গড়ে তুলেছে, যেখানে সদস্যরা সরাসরি কর্মে নিয়োজিত হচ্ছে এবং নতুন কর্মসংস্থান সৃষ্টি করছে। এসব সমবায়ের মাধ্যমে সদস্যরা যৌথভাবে মূলধন বিনিয়োগ, উৎপাদন, বিপণন ও মুনাফা ভাগ করে নিচ্ছে। ফলে শুধু ব্যক্তিগত আয় বৃদ্ধিই নয় বরং পারিবারিক ও সামাজিক পর্যায়ে সম্পদ সঞ্চয়ের পথ তৈরি করছে। সমবায়ের মাধ্যমে উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিত হওয়ায় কৃষক ও ক্ষুদ্র উৎপাদকরা মধ্যস্বত্বভোগীদের ওপর নির্ভরতা কমিয়ে অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হচ্ছে। এই প্রক্রিয়া কর্মসংস্থান, উদ্যোক্তা বিকাশ ও সম্পদ সৃষ্টির মাধ্যমে দেশের অন্তর্ভুক্তিমূলক প্রবৃদ্ধিকে ত্বরান্বিত করছে।

বর্তমানে সমবায় অধিদপ্তরের আওতায় ০২ টি উন্নয়ন প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের মাধ্যমে উপকারভোগীদের আয়বর্ধনমূলক ও দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একইসাথে প্রশিক্ষণ গ্রহণের পর বর্তমান সময় পর্যন্ত উপকারভোগীদের মাঝে ঘূর্ণায়মান আবর্তক তহবিল হতে ঋণ বিতরণ করার মাধ্যমে আত্ম -কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হচ্ছে।

### সমবায় মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট শীর্ষক (১ম সংশোধিত) প্রকল্প

এ প্রকল্পের আওতায় ৬০টি উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ, ঘূর্ণায়মান আবর্তক তহবিল হতে ৩০৮ জনকে ২৮৪ লক্ষ টাকা ঋণ বিতরণ, ৩০৮ জনের কর্মসংস্থান সৃষ্টি, ১৫৪ জন সদস্য অন্তর্ভুক্তিকরণ, ১০টি কমিউনিটি ভবন নির্মাণ কাজ ৮৫% সম্পন্ন হয়েছে এবং ৩০৮ জনের আত্ম-কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।



সমবায় মডেল গ্রাম কমিউনিটি ভবন, ডুংরিয়া, শান্তিগঞ্জ, সুনামগঞ্জ



মডেল গ্রাম সমবায় সমিতি লিঃ, রতিয়া মিঠাপুকুর, রংপুর এর একজন পোল্ট্রি খামারী

## দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প

এ প্রকল্পের আওতায় ইতোমধ্যে ২০৬টি ব্যাচে প্রশিক্ষণ প্রদান, ২১৮৫ জনকে ঋণ বিতরণ, ২১৮৫ জনের কর্মসংস্থান সৃষ্টি, ২৭০০ জন সদস্য অর্ন্তভুক্তিকরণ এবং প্রকল্পের কার্যক্রম ৯৭% সম্পন্ন হয়েছে।




দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্প এর চেক বিতরণ অনুষ্ঠান

## বিভিন্ন ট্রেডভিত্তিক প্রশিক্ষণ

২০২৪-২০২৫ অর্থবছরে বাংলাদেশ সমবায় একাডেমি এবং ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট সমন্বিতভাবে সমবায় সমিতির সদস্যদের বিভিন্ন ট্রেডে ৪১৮ টি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৬,৬৮২ জন পূরুষ ও ৩,৮৭৩ জন মহিলাসহ সর্বমোট ১০,৫৫৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




বাংলাদেশ সমবায় একাডেমি এবং ১০টি আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটের বিভিন্ন ধরণের ট্রেডভিত্তিক প্রশিক্ষণ

## ১০৩ তম আন্তর্জাতিক সমবায় দিবস, ২০২৫ উদ্‌যাপন

১০৩ তম আন্তর্জাতিক সমবায় দিবস, ২০২৫ উপলক্ষে গত ০৫ জুলাই, ২০২৫ সমবায় অধিদপ্তরে "সমবায়: একটি সুন্দর বিশ্বের জন্য অন্তর্ভুক্তিমূলক ও টেকসই সমাধানের চালিকাশক্তি" বিষয়ক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে দুইশতাধিক আমন্ত্রিত অতিথি অংশগ্রহণ করেন।






১০৩ তম আন্তর্জাতিক সমবায় দিবস, ২০২৫ উদ্‌যাপন

## অনলাইন রেজিস্ট্রেশন কার্যক্রম

সেবাগ্রহীতাদের ভ্রমণ, খরচ ও সময় বাঁচানোর জন্য সমবায় সমিতির নিবন্ধন অনলাইনে শুরু করা হয়েছে। যার ফলে সেবাগ্রহীতারা উপকৃত হচ্ছে। পাশাপাশি ৮৬৮৮৭ টি সমবায় সমিতির ডিজিটাল প্লাটফর্ম তৈরী হয়েছে এবং নিবন্ধিত সকল সমবায় সমিতির ওয়েবসাইট তৈরীর মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা হয়েছে।




নাগরিক সেবা ডিজিটাইজেশন

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে দেশের পল্লী অঞ্চলে বসবাসরত দরিদ্র জনগোষ্ঠী ও প্রান্তিক কৃষক পরিবারের পুরুষ ও নারীদের সংগঠিত করে প্রশিক্ষণ প্রদান, আয়বর্ধনমূলক কর্মকান্ডের মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃজন, উপকারভোগীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণে সহায়তা প্রদান, আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের জন্য গ্রাম ভিত্তিক আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক সমিতি ও দলের সদস্যদের সংগঠিতকরণ ও ক্ষুদ্র ঋণ কার্যক্রম পরিচালনা করে যাচ্ছে। এ ঋণ নিয়ে সুফলভোগী সদস্যগণ ফসল উৎপাদন, বাণিজ্যিক ভিত্তিতে সবজি চাষ, মৎস্য চাষ, গাভী পালন, গরু মোটাতাজাকরণ, হাঁস মুরগী পালন, ছাগল পালন, চাষাবাদের জন্য কৃষি যন্ত্রপাতি ক্রয়, উদ্যোক্তা সৃজন (এসএমই) ও ক্ষুদ্র ব্যবসাসহ আত্ম-কর্মসংস্থানের বিভিন্ন খাতে বিনিয়োগ করে লাভবান হচ্ছেন। বিআরডিবি'র মাধ্যমে সংগঠিত কার্যক্রম নিম্নরুপ:

| ক্রমিক নং | কার্যক্রম | অগ্রগতি (জুলাই, ২০২৪-জুন, ২০২৫) |
|---|---|---|
| ০১ | সমবায় সমিতি/ অনানুষ্ঠানিক সমিতি গঠন (সংখ্যা) | ২,২১৬ টি |
| ০২ | সমবায় সমিতি/ অনানুষ্ঠানিক সমিতির মাধ্যমে সদস্যভূক্তি | ৫৮,৭৭৭ জন |
| ০৩ | সদস্যদের ক্ষুদ্র সঞ্চয়ের মাধ্যমে মুলধন গঠন (শেয়ার ও সঞ্চয়) | ৩.১০ কোটি টাকা |
| ০৪ | ঋণ বিতরণের পরিমাণ | ১,৪৮১.৪৫ কোটি টাকা |
| ০৫ | ঋণ আদায়ের পরিমাণ | ১,৩৫১.৮২ কোটি টাকা |
| ০৬ | আয়বর্ধক কর্মকান্ডে নিয়োজিত নারীর সংখ্যা | ২.৫৭ লক্ষ জন |
| ০৭ | আয়বর্ধনমুলক কর্মকান্ডে নিয়োজিত পুরুষের সংখ্যা | ১.৯০ লক্ষ জন |
| ০৮ | আয়বর্ধনমূলক কাজে প্রশিক্ষণ প্রদান | ১.২৪ লক্ষ জন |
| ০৯ | উদ্বুদ্ধকরণমুলক কাজে প্রশিক্ষণ প্রদান | ১.১২ লক্ষ জন |
| ১০ | জীবিকায়ন শিল্প পল্লী চিহ্নিতকরণ | ৪০ টি |
| ১১ | বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে সঞ্চয় প্রণোদনা প্রদান | ৫০০.০০ লক্ষ টাকা |
| ১২ | কিশোরীদের বয়:সন্ধিকালীন স্বাস্থ্য সম্মত উপকরণ বিতরণ | ১১,৮০০ টি |
| ১৩ | ক্ষুদ্র উদ্যোক্তা সৃষ্টি (এসএমই) | ৩৭,২০২ জন |
| ১৪ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ (এসএমই) | ৫২০.৯০ কোটি টাকা |
| ১৫ | বিআরডিবি'র বিভাগীয় পর্যায়ে দপ্তর স্থাপনের অনুমোদন | ৮ বিভাগে ০৮ টি |
| ১৬ | বিআরডিবি'র কর্মকর্তা/ কর্মচারীদের পদোন্নতি প্রদান | ২৪ জন |

## বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর কিছু স্থিরচিত্র



মাঠ পর্যায়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণের আইবাস বিষয়ক প্রশিক্ষণ



উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাগণের তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার, শুদ্ধাচার ও সুশাসন বিষয়ক দিনব্যাপী কর্মশালা



উপপরিচালক সম্মেলন-২০২৫ এর উদ্বোধনী অনুষ্ঠান



ইরেসপো ২য় পর্যায় প্রকল্পের সুফলভোগীদের সেলাই প্রশিক্ষণ



চুয়াডাঙ্গা জেলার জীবননগর উপজেলায় কিশোরী সংঘ সদস্যদের সচেতনতামূলক প্রশিক্ষণ



তারুণ্যের শক্তি বাংলাদেশের সমৃদ্ধি শীর্ষক কর্মশালা




বিআরডিবি শক্তিশালীকরণের লক্ষ্যে বার্ড, কুমিল্লা এবং আরডিএ, বগুড়া কর্তৃক সম্পাদিত গবেষণা প্রতিফলন সুপারিশের আলোকে করণীয় বিষয়ক কর্মশালা



আইএমইডি টিম কর্তৃক দুমকী উপজেলা, পটুয়াখালীর উত্তর শ্রীরামপুর পল্লী উন্নয়ন মহিলা সমিতির সদস্যদের তৈরি নকশীকাঁথা দর্শন



যশোর জেলার মনিরামপুর উপজেলায় কিশোরীদের উৎসাহ বোনাসের চেক বিতরণ



পটুয়াখালী জেলার বাউফল উপজেলায় পাল পাড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতির সদস্যদের দ্বারা তৈরিকৃত মাটির তৈজসপত্র

# বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) প্রতিষ্ঠালগ্ন থেকেই পল্লীর আর্থ-সামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। বার্ড প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে দক্ষ মানবসম্পদ উন্নয়ন, পল্লী এলাকার সমস্যা চিহ্নিতকরণ ও পল্লীর আর্থ-সামাজিক উন্নয়নের বিভিন্ন উদ্ভাবনী মডেল উদ্ভাবনের নিরন্তর প্রয়াস নিচ্ছে। বার্ড ২০২৪-২০২৫ অর্থবছরে অন্তর্বর্তী সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণার মাধ্যমে বিভিন্ন উন্নয়ন প্রয়াস নিয়েছে।

### বার্ডের প্রায়োগিক গবেষণা কার্যক্রম:

### বার্ষিক উন্নয়ন কর্মসূচির আওতায় পরিচালিত প্রকল্প

- প্রতিবেদনকালীন সময়ে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা কর্তৃক প্রস্তাবিত "গ্রামীণ মাইক্রো এন্টারপ্রাইজ উন্নয়নের মাধ্যমে জীবিকা উন্নয়ন", "গ্রাম সংগঠনের মাধ্যমে প্রতিবেশ উপযোগী কৃষি প্রযুক্তির সম্প্রসারণ", "পার্বত্য চট্টগ্রামের পল্লী অঞ্চলের কৃষি পণ্যের সাপ্লাই চেইন ব্যবস্থার আধুনিকায়ন" শীর্ষক ৩টি প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সম্প্রতি উক্ত ৩টি প্রকল্প প্রস্তাবনা ADP (২০২৫-২০২৬)-তে সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে এবং ইতোমধ্যে প্রকল্প প্রস্তাবনাগুলোর যাচাই-বাছাই কমিটির সভা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে অর্থ প্রাপ্তির বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।
- Enhancing BARD's Institutional Capacity to Address Rural Transformation Challenges in Bangladesh শীর্ষক প্রকল্পের পিডিপিপি মন্ত্রণালয়ের মাধ্যমে ERD তে প্রেরণ করা হয়েছে।

### উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে প্রকল্প

- বার্ড এবং KOICA এর সহযোগিতায় "Strengthening the Capacity to Carry out Sustainable Rural Development (centered on local government officials and village leaders who carry out rural development)" শীর্ষক একটি প্রকল্পের ধারণাপত্র KOICA কর্তৃক গৃহীত হয়েছে । গত ০৯ জানুয়ারি ২০২৫ খ্রি., সকাল ১০:০০ ঘটিকায় পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে KOICA বাংলাদেশ টিম ও KOICA Expert Team-কে নিয়ে ঢাকা সিরডাপে সংগঠিত Wrap-up সভা সংগঠিত হয়। সভায় প্রকল্পের প্রস্তাবিত নামটি পরিবর্তন করে "Saemaul Plus End Poverty Program (SPEPP) in Bangladesh" নামে পরিবর্তনের সুপারিশ করেন। "Saemaul Plus End Poverty Program (SPEPP) in Bangladesh" শীর্ষক প্রকল্পের পিডিপিপি মন্ত্রণালয়ের মাধ্যমে ERD তে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে

KOICA এর প্রতিনিধি দল বার্ডে একটি সমন্বিত প্রশিক্ষণ কমপ্লেক্স এবং হোস্টেল স্থাপনের বিষয়ে স্থান নির্বাচনের লক্ষ্যে বার্ডের বিভিন্ন স্থান পরিদর্শন করেন।

## বার্ডের রাজস্ব বাজেটের আওতায় পরিচালিত প্রায়োগিক গবেষণা প্রকল্প

- ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ডের রাজস্ব বাজেটের আওতায় ১৭টি প্রায়োগিক গবেষণা চলমান ছিলো। বিভিন্ন প্রায়োগিক গবেষণার অন্তর্ভুক্ত গ্রাম সংগঠনের মাধ্যমে জুন, ২০২৫ সময় পর্যন্ত সুফলভোগীদের মাঝে ২.২৮ কোটি টাকার ঋণ বিতরণ করা হয়। উল্লেখ্য যে, কৃষি উদ্যোক্তা সৃজন ও উদ্যোক্তাদের স্বাবলম্বীকরণ, টেকসই অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের জন্য এ ঋণ প্রদান করা হয়।
- "গ্রাম উন্নয়ন সংগঠনের মাধ্যমে কৃষি উদ্যোক্তা সৃজন ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন" শীর্ষক প্রায়োগিক গবেষণার অধীনে ২১০ জন সুফলভোগীকে কেঁচো সার উৎপাদনের জন্য রিং এবং শীতকালীন সবজির চারা ও বীজ প্রদান করা হয়েছে।
- এছাড়া গ্রামীণ নারীর ক্ষমতায়নের লক্ষ্যে টেকসই শিক্ষা ও উদ্যোক্তা উন্নয়ন (RWSEEDE) প্রায়োগিক গবেষণার অধীনে "টেইলারিং ও গার্মেন্টস ম্যানুফেকচারিং এবং ফ্যাশন ডিজাইন" বিষয়ক ৩২ জন প্রকল্পের উপকারভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রকল্পভুক্ত নারী উদ্যোক্তাদের অধিকতর সাবলম্বীকরণ ও উৎসাহ প্রদানের লক্ষ্যে আর্ন্তজাতিক নারী দিবসে ১০ জন নারী উদ্যোক্তাকে ১০ টি সেলাই মেশিন প্রদান করা হয়েছে। প্রকল্পভুক্ত একটি গ্রাম সমিতিতে বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হয়। সভায় ৫১ জন সদস্যের মধ্যে ৮০,০০০/- টাকা লভ্যাংশ ও ২৭,৯০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া সমিতির সকল আগ্রহী সদস্যদের অংশগ্রহণে কুমিল্লা ইপিজেডে একটি ইন্ডাস্ট্রিয়াল শিক্ষা সফরের আয়োজন করা হয়। সেখানে নাসা গ্রুপের ডেনিম ইউনিট পরিদর্শন ও এতদসংক্রান্ত বিষয়ে সম্যক ধারণা দেয়া হয়। ফলে সদস্যদের মধ্যে অনেক আগ্রহের সঞ্চার হয়। নারী উদ্যোক্তাদের অংশগ্রহণে "খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং নারী ও শিশুর আইনগত অধিকার সুপ্রতিষ্ঠা" ও "ক্ষুদ্র ব্যবসা পরিকল্পনা পণ্যের বাজার সৃষ্টি ও পণ্য বিপণনে ই-কমার্স প্লাটফরম ব্যবহার" বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।
- "গ্রামীণ বয়স্ক ও প্রতিবন্ধী জনগোষ্ঠীকে কমিউনিটির অংশগ্রহণে সহায়তা প্রদান জোরদারকরণ" শীর্ষক প্রায়োগিক গবেষণার আওতায় ত্রাণ প্রদান, প্রশিক্ষণ ও স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান রয়েছে। বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কৃষি সহায়তা প্রদানের লক্ষ্যে "Assisting Post-Flood Recovery and Resilience of Farmers for Livelihood Improvement" শীর্ষক একটি প্রায়োগিক গবেষণা কার্যক্রম শুরু হয়েছে। উক্ত প্রায়োগিক গবেষণার আওতায় ইতোমধ্যে বন্যায় ক্ষতিগ্রস্ত ৪০০ জন কৃষকের মাঝে ৫ কেজি করে মোট ২০০০ কেজি ধান বীজ, পেঁপে ও মরিচের চারা, মাছের পোনা এবং মুরগির বাচ্চা বিতরণ করা হয়েছে।
- বিভিন্ন প্রায়োগিক গবেষণার আওতায় জীবিকায়ন, বেসিক কম্পিউটার এপ্লিকেশন ও আইসিটি বিষয়ক প্রশিক্ষণ, ফ্রি-ল্যান্সিং, আধুনিক পদ্ধতিতে হাঁস মুরগী ও গবাদি পশু পালন, মাশরুম উৎপাদন, আধুনিক চাষাবাদ পদ্ধতি, কৃষি প্রযুক্তি সম্পসারণ, পরিবেশ উন্নয়ন, উদ্যোক্তা উন্নয়ন, প্রাথমিক স্বাস্থ্য সেবা, কেয়ার গিভার প্রশিক্ষণ ও সাংগঠনিক ব্যবস্থাপনা, "খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং নারী ও শিশুর আইনগত অধিকার

সুপ্রতিষ্ঠা” ও “ক্ষুদ্র ব্যবসা পরিকল্পনা পণ্যের বাজার সৃষ্টি ও পণ্য বিপণনে ই-কমার্স প্লাটফরম ব্যবহার” বিষয়ের উপর প্রায় ৬৩৯ জন সুফলভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

- **কমিউনিটি এন্টারপ্রাইজের মাধ্যমে প্লাবনভূমিতে মৎস্যচাষ ও নিরাপদ খাদ্য উৎপাদন বিষয়ক প্রায়োগিক গবেষণা-এর মাধ্যমে** স্থানীয় কমিউনিটিকে উদ্বুদ্ধ করে বর্ষাকালে পতিত জলাশয়ে মৎস্যচাষ ও নিরাপদ খাদ্য উৎপাদনের মাধ্যমে প্লাবনভূমির উপর নির্ভরশীল জনগোষ্ঠীর জীবনযাত্রার মানোন্নয়ন মূল উদ্দেশ্য। ২০২৪-২৫ সালে গোবিন্দপুর ও উত্তরদা ইউনিয়নের আংগারিয়া, নারীদা, মেল্লা এবং দোখাইয়া গ্রামে “রুপালী মৎস্যচাষ কমিউনিটি এন্টারপ্রাইজ”-এর মাধ্যমে ১২০ একর প্লাবনভূমিতে প্রায়োগিক গবেষণার কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে। ২০২৫-২৬ অর্থ বছরে ইছাপুরা মৎস্যচাষ কমিউনিটি এন্টারপ্রাইজ, এস.পি. প্লাবনভূমি মৎস্যচাষ কমিউনিটি এন্টারপ্রাইজ এবং রুপালী মৎস্যচাষ কমিউনিটি এন্টারপ্রাইজ এর কার্যক্রম চলমান রয়েছে।

## বার্ডের প্রায়োগিক গবেষণা কার্যক্রমের স্থির চিত্র




কুমিল্লা জেলায় বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকগণের মাঝে উপকরণ বিতরণ



কমিউনিটি এন্টারপ্রাইজের মাধ্যমে প্লাবনভূমিতে মৎস্যচাষ ও নিরাপদ খাদ্য উৎপাদন প্রায়োগিক গবেষণা

## বার্ডের গবেষণা কার্যক্রম

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) সূচনালগ্ন থেকেই পল্লী দারিদ্র্য বিমোচন ও আর্থ-সামাজিক উন্নয়নে গবেষণা পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠালগ্ন থেকে জুন ২০২৫ পর্যন্ত বার্ড মোট ৭৪৭টি গবেষণা সম্পন্ন করেছে। এসব গবেষণার বেশিরভাগই বার্ড প্রকাশনা শাখা থেকে প্রকাশিত হয়েছে। গবেষণা প্রতিবেদনের বাইরে বার্ড নিয়মিতভাবে একটি ইংরেজি ও একটি বাংলা জার্নাল প্রকাশ করে থাকে। বর্তমানে প্রতি বছর বার্ড ১০ থেকে ১২টির মত গবেষণা সম্পন্ন করে থাকে। বার্ড পল্লী উন্নয়ন পরিকল্পনা, কৃষি, স্থানীয় সরকার, সামাজিক উন্নয়ন এবং পরিবেশ উন্নয়নসহ বিভিন্ন ক্ষেত্রে গবেষণা পরিচালনা করে থাকে। পাশাপাশি বার্ড সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ এবং প্রতিষ্ঠানের অনুরোধে গবেষণা পরিচালনা করে থাকে। বিগত বার্ষিক পরিকল্পনা সম্মেলনে ও বার্ড পরিচালনা পর্ষদ এর নির্দেশনায় গৃহীত গবেষণাসমূহ নিয়ে বর্তমানে মোট ২৪টি গবেষণা চলমান রয়েছে।

প্রতিবেদনকালীন সময়ে গবেষণা বিভাগ কর্তৃক কয়েকটি গুরুত্বপূর্ণ গবেষণা প্রতিবেদন চূড়ান্তভাবে গৃহীত হয়ে প্রকাশনার অপেক্ষায় রয়েছে। এই গবেষণাগুলোর মধ্যে উল্লেখযোগ্য হলো:

- Social Remittance Induced Changes in Livelihood of Transnational Migrants in Bangladesh
- Occupational Diversification of Rural Women in Bangladesh: Trends, Government and NGO Contributions, and Barriers (1992–2022)
- Role of Agroforestry in Achieving Food Security of Upland Smallholders: A Case on Lalmai Hill Areas of Cumilla District
- Dairy and Beef Farming Scenario in Selected Areas of Cumilla and Brahmanbaria Districts
- Impact of Climate Change on Coastal Livelihoods of South-Western Bangladesh

উক্ত সময়কালে গবেষণা বিভাগ থেকে প্রকাশিত গবেষণা প্রতিবেদনসমূহের মধ্যে রয়েছে:

- Research Highlights 2024, People's Participation in Community Development: Situation Analysis of Chittagong Hill Tracts of Bangladesh,
- Assessing the Understanding and Management Practices of Bovine Mastitis among Dairy Stakeholders,
- Social Remittance Induced Changes in Livelihood of Transnational Migrants in Bangladesh
- Impact of Climate Change on Coastal Livelihoods of South-Western Bangladesh
- এছাড়া উক্ত সময়ে Annual Report 2023-24, Annual Plan 2024-25, **পল্লী উন্নয়ন বাংলা জার্নাল ২৬ তম সংখ্যা**, The Journal of Rural Development, Volume 46, Number 1, July 2024, **ত্রৈমাসিক বুলেটিন** গ্রাম উন্নয়ন, News Letter Volume 31: No-03 ইত্যাদি প্রতিবেদন প্রকাশিত হয়েছে।

প্রতিবেদনকালীন সময়ে বার্ডের অনুষদ সদস্যগণ কর্তৃক সম্পাদিত গবেষণা প্রতিবেদনসমূহ হলো:

- Grassroots Voices and Coping Strategies of the Community: A Situation Analysis of the Recent Flood in Cumilla,
- *আইলবিহীন কৃষি যান্ত্রিকীকরণ ও যৌথ খামার ব্যবস্থাপনা: বার্ডের প্রায়োগিক গবেষণার আলোকে একটি মূল্যায়ন,* Efficiency of Solar Power Irrigation and Fallow Land Utilization in Selected Villages of Cumilla District
- Household Coverage in CVDP Villages
- Managing Contract Farming in the Poultry Sector in Rajshahi Division

গত অক্টোবর ২০২৪-এ অনুষ্ঠিত বার্ডের ৭৩তম বোর্ড সভায় সুপারিশকৃত পাঁচটি গবেষণা কার্যক্রমের মধ্যে "সমবায় ব্যাংক পুনর্গঠন : প্রাতিষ্ঠানিক সক্ষমতা বিশ্লেষণ" এবং "বিকাশমান গ্রামীণ অর্থনীতিতে দ্বি-স্তর সমবায়ের প্রাতিষ্ঠানিক কাঠামো : পর্যাপ্ততা ও কার্যকারিতা" শিরোনামে দুইটি গবেষণা সম্পন্ন হয়েছে। বর্তমানে গবেষণা ফলাফল প্রচার ও নীতিনির্ধারণী পর্যায়ে উপস্থাপনের লক্ষ্যে শীঘ্রই একটি সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এছাড়া সুপারিশকৃত "সরকারি প্রতিষ্ঠানসমূহে আউটসোর্সিং: সুবিধা, চ্যালেঞ্জ এবং এর প্রভাবের বিশ্লেষণ"; "পার্বত্য চট্টগ্রামের স্থানীয় সরকার ব্যবস্থার কার্যকারিতা: বিদ্যমান কাঠামো, চ্যালেঞ্জ ও উন্নয়ন সম্ভাবনা" "সিভিডিপি মডেলের প্রকৃত ধারণা ও বর্তমান কার্যক্রম: একটি তুলনামূলক বিশ্লেষণ এবং উন্নয়ন প্রস্তাবনা" শিরোনামে গবেষণাসমূহের কার্যক্রম বিভিন্ন পর্যায়ে চলমান রয়েছে।


## বার্ডের সাম্প্রতিক প্রকাশিত গবেষণা প্রতিবেদন

















## বার্ডের প্রশিক্ষণ কার্যক্রম

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা দেশের আর্থ-সামাজিক উন্নয়ন তথা দারিদ্র্য বিমোচনের জন্য নিয়মিতভাবে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ মানবসম্পদ উন্নয়নে ভূমিকা রাখছে। বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার ক্ষমতায় আসার পর বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লায় **গত ০৮ আগস্ট ২০২৪ হতে ৩০ জুন ২০২৫ খ্রিস্টাব্দ** সময় পর্যন্ত মোট **১৫০টি** প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করেছে। উক্ত কোর্সগুলোতে সর্বমোট **৭০৬৮ জন** প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেন। উল্লিখিত সময়ে সংগঠিত কোর্সের বিস্তারিত নিম্নরূপঃ

| ক্রম: | প্রশিক্ষণের নাম/বিষয় | প্রশিক্ষণের সংখ্যা | প্রশিক্ষণার্থীর ধরন | প্রশিক্ষণার্থীর সংখ্যা | প্রশিক্ষণকাল (মোট দিন/মাস/বছর) |
|---|---|---|---|---|---|
| ১. | আন্তর্জাতিক প্রশিক্ষণ | ১ | AARDO সদস্যভুক্ত দেশসমূহের কর্মকর্তাবৃন্দ | **২০** | ১২দিন/২দিন/১ দিন |
| ২. | আন্তর্জাতিক ওরিয়েনটশন/ ওয়ার্কশপ/ সেমিনার/ কনফারেন্স/ গাইড ভিজিট/ সংযুক্তি | ২ | Official of KOICA, DU & Stamford University Students | **২১১** | ২দিন/৩দিন/৫দি ন |
| ৩. | বুনিয়াদী প্রশিক্ষণ (০৬ মাস এবং ৪/২ মাস মেয়াদি) | ৩ | বিসিএস (শিক্ষা) ক্যাডার কর্মকর্তা, ক্রীড়া পরিদপ্তরের কর্মকর্তা ও নিপোর্ট এর কর্মকর্তাগণ | **১০১** | ০৬ মাস/৪ মাস/২ মাস |
| ৪. | বিশেষ বুনিয়াদী প্রশিক্ষণ (০২ মাস মেয়াদি) | ১০ | বিসিএস (স্বাস্থ্য) ক্যাডার এর কর্মকর্তাবৃন্দ | **৫০০** | ০২ মাস |
| ৫. | সংযুক্তি কর্মসূচী (বুনিয়াদি + বিশ্ববিদ্যালয়) | ১৬ | বিসিএস কর্মকর্তাগণ, সরকারি ও বেসরকারি সংস্থার কর্মকর্তাবৃন্দ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ | **৯৭৬** | ৪দিন/৫দিন |
| ৬. | স্ব-উদ্যোগে পরিচালিত কোর্স | ১ | সরকারি ও বেসরকারি কর্মকর্তাগণ | **২৪** | ৫দিন |
| ৭. | পেশাগত প্রশিক্ষণ কোর্স (বিভিন্ন সংস্থার উদ্যোগে) | ৫৮ | সরকারি ও বেসরকারি কর্মকর্তাগণ এবং জনপ্রতিনিধি ও বিভিন্ন উদ্যোক্তা প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীগণ | **২০১৬** | ৩দিন/৫দিন/৬ দিন/ ১০দিন |
| ৮. | ওরিয়েন্টেশন / গাইড ভিজিট | ১৮ | সরকারি ও বেসরকারি কর্মকর্তা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীগণ | **৮৯৭** | ১দিন/২দিন |
| ৯. | ওয়ার্কশপ/সেমিনার/কন ফারেন্স | ১৪ | সরকারি ও বেসরকারি কর্মকর্তাগণ | **১৪৭২** | ১দিন/২দিন |
| ১০. | বার্ড কর্তৃক পরিচালিত প্রকল্পের কোর্স (সুফলভোগীদের জন্য) | ২২ | বার্ড প্রায়োগিক গবেষণা প্রকল্পের সুবিধাভোগীগণ | **৬৩৯** | ৩দিন/৫দিন/১০ দিন |
| ১১. | ইন-হাউজ প্রশিক্ষণ কোর্স | ৫ | বার্ডের কর্মকর্তা ও কর্মচারীগণ | **২১২** | ১দিন/৩দিন |
| | **মোট =** | **১৫০** | -- | **৭০৬৮** | -- |

## বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) এর প্রশিক্ষণ কার্যক্রমের স্থির চিত্র



International Training Workshop on Sustainable Development Goals: Financial Inclusion and Rural Transformation- শীর্ষক আন্তর্জাতিক কর্মশালার সমাপনী অধিবেশন



10th International INSEARCH Conference on Governance শীর্ষক আন্তর্জাতিক সেমিনার

## পরিচালনা বোর্ডের ৭৩তম সভা আয়োজন

গত ১৪ অক্টোবর ২০২৪ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এর পরিচালনা বোর্ডের ৭৩তম সভা ঢাকাস্থ সিরডাপের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং বার্ড পরিচালনা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান জনাব এ. এফ. হাসান আরিফ। সভায় আরও উপস্থিত ছিলেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোসাম্মৎ শাহানারা খাতুন, স্থানীয় সরকার বিশেষজ্ঞ ও নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের ভিজিটিং প্রফেসর ড. তোফায়েল আহমেদ, ব্র্যাক, বাংলাদেশ-এর চেয়ারপার্সন ও পাওয়ার এন্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)-এর নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান সহ বার্ড পরিচালনা বোর্ডের ১৬ জন সম্মানিত সদস্য। উক্ত সভায় সদস্য-সচিবের দায়িত্ব পালন করেন বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ।



বার্ডের পরিচালনা পর্ষদের ৭৩তম সভা

## ৫৭তম বার্ষিক পরিকল্পনা সম্মেলন আয়োজন

গত ২৯-৩০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড)-এর দুই দিনব্যাপী ৫৭তম বার্ষিক পরিকল্পনা সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং পরিকল্পনা সম্মেলনের প্রধান অতিথি জনাব এ. এফ. হাসান আরিফ। সম্মেলনের উদ্বোধনী অধিবেশনে সভাপতিত্ব করেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব জনাব মোসাম্মৎ শাহানারা খাতুন। উদ্বোধনী অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্র্যাক, বাংলাদেশ-এর চেয়ারপার্সন ও পাওয়ার এন্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)-এর নির্বাহী চেয়ারম্যান ড. হোসেন জিল্লুর রহমান এবং স্থানীয় সরকার বিশেষজ্ঞ অধ্যাপক ড. তোফায়েল আহমেদ। পরিকল্পনা সম্মেলনে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের উচ্চ ও মধ্য পর্যায়ের ১১০ জন প্রতিনিধি অংশগ্রহণ করেন।




বার্ড-এর ৫৭তম বার্ষিক পরিকল্পনা সম্মেলন

## বন্যার্তদের মধ্যে বার্ডের ত্রাণ সহায়তা

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) কর্তৃক কুমিল্লা জেলার বিভিন্ন উপজেলায় বন্যাদুর্গতদের মাঝে ত্রাণ সহায়তা প্রদান করা হয়েছে। আকস্মিক এই বন্যায় কুমিল্লা ও ফেনী অঞ্চলের বিস্তীর্ন অঞ্চল প্লাবিত হওয়ার পর তাৎক্ষনিকভাবে বার্ডের মহাপরিচালক জনাব সাইফ উদ্দিন আহমেদ বন্যার্তদের পাশে দাঁড়ানোর জন্য কর্মকর্তা-কর্মচারীদের নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে বার্ডের অনুষদ পরিষদ, অফিসার্স, কর্মচারী ইউনিয়ন ও কর্মকর্তা-কর্মচারীদের ব্যক্তিগত সহায়তায় কুমিল্লা জেলার চৌদ্দগ্রাম উপজেলার মুন্সীরহাট ইউনিয়ন; নাঙ্গলকোট উপজেলার সাতবাড়িয়া, ঢালুয়া, মৌকরা ও হেসাখাল ইউনিয়ন; বুড়িচং উপজেলার বাকশিমুল ইউনিয়নে রান্না করা খাবার, শুকনো খাবার, খাবার পানি, স্যালাইন, ঔষধপত্র এবং পরিধেয় বস্ত্র ত্রাণ সহায়তা হিসেবে বন্যার্তদের বাড়ি বাড়ি এবং আশ্রয়কেন্দ্রে গিয়ে পৌছে দেয়া হয়। এছাড়া নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় এবং পল্লী উন্নয়ন একাডেমি হতে

প্রাপ্ত ত্রাণ দুর্গতদের মাঝে পৌছে দিতে বার্ড সহায়তা প্রদান করে। বন্যা পরবর্তী পুনর্বাসনের জন্য কৃষি, মৎস্য ও অন্যান্য ক্ষেত্রে সহায়তা প্রদানের জন্য বার্ড ইতোমধ্যে পরিকল্পনা গ্রহণ করেছে।



বন্যার্তদের মাঝে বার্ডের পক্ষ হতে ত্রাণ সহায়তা প্রদান

## তারুণ্যের উৎসব ২০২৫ উদ্‌যাপন

বছরব্যাপী 'তারুণ্যের উৎসব-২০২৫' উদযাপন করার লক্ষ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লা'র কর্মপরিকল্পনা গ্রহণ এবং বাস্তবায়ন করছে। 'তারুণ্যের উৎসব-২০২৫' এর অংশ হিসেবে সর্বমোট ১৫৫ জন তরুণ উদ্যোক্তাদের জন্য বার্ড কর্তৃক নিম্নোক্ত প্রশিক্ষণ কোর্সসমূহ বাস্তবায়ন করা হয়েছে:

- উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ কোর্স
- Freelancing & Entrepreneurship Development বিষয়ক প্রশিক্ষণ কোর্স
- কওমি মাদ্রাসার তরুণ ছাত্রদের জন্য 'বেসিক কম্পিউটার এপ্লিকেশন ও আইসিটি' বিষয়ক প্রশিক্ষণ কোর্স গ্রামীন ও বাজার বর্জ্য ব্যবস্থাপনা এবং উদ্যোক্তা উন্নয়ন' বিষয়ক প্রশিক্ষণ কোর্স
- Advance Course in Digital Marketing বিষয়ক প্রশিক্ষণ কোর্স

তারুণ্যের উৎসব-২০২৫' উদযাপন উপলক্ষে 'পল্লী উন্নয়ন অলিম্পিয়াড' আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।



তারুণ্যের উৎসব-২০২৫ উদ্যাপন উপলক্ষ্যে স্কুলের শিক্ষার্থীদের মাঝে ফলজ গাছের চারা বিতরণ



গাছের ছায়ায় পাঠের আসর কর্মসূচি

# পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া

পল্লী উন্নয়ন একাডেমি, বগুড়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন একটি জাতীয় প্রশিক্ষণ, গবেষণা ও প্রায়োগিক গবেষণাধর্মী স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির মূল দায়িত্ব প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও প্রায়োগিক গবেষণা পরিচালনা করা। এছাড়াও একাডেমিতে এক বছর মেয়াদী Post Graduate Diploma in Rural Development (PGDRD) কোর্স আয়োজিত হয়ে থাকে। প্রতিষ্ঠালগ্ন থেকে একাডেমি এ সকল বিষয়ে বিশেষত প্রশিক্ষণের মাধ্যমে মোট ৭,০৬,৭৫৯ জন নারী-পুরুষকে প্রশিক্ষিত করেছে। পাশাপাশি পল্লী উন্নয়নে বিভিন্ন মডেল উদ্ভাবনে মোট ৫৮২ (পাঁচশত বিরাশি) টি গবেষণা ও ৫৩ (তেপান্ন) টি প্রায়োগিক গবেষণা কার্যক্রম পরিচালনা করেছে।

২০২৪-২৫ অর্থ বছরে ২৫৯ (দুইশত উনষাট) টি ব্যাচে মোট ১৬,০৬৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে (৭০.৫৪% পুরুষ এবং ২৯.৪৬% মহিলা)। এসকল দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের পাশাপাশি জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ এর মানদন্ড অনুযায়ী ০৪ (চার) টি বিশেষায়িত ট্রেডে (ড্রাইভিং, রেফ্রিজারেটর ও এয়ারকন্ডিশন, প্লাম্বিং এবং ইলেকট্রিকাল ইন্সটলেশন এন্ড মেইনটেন্যান্স ফর কনস্ট্রাকশন) ৮০ (আশি) জনকে প্রশিক্ষিত করা হয়েছে।

২০২৪-২৫ অর্থ বছরে ১৭ (সতের) টি গবেষণা কার্যক্রম সম্পাদিত হয়েছে এবং ২৫ (পঁচিশ) টি গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। উক্ত সময়ের মধ্যে ০৪ (চার) টি প্রায়োগিক গবেষণা সম্পন্ন হয়েছে। একাডেমিতে মোট ১৪ (চৌদ্দ) টি বিভিন্ন প্রতিষ্ঠানে পরামর্শমূলক সেবা প্রদান করা হয়েছে।
ইনোভেশন কার্যক্রমের আওতায় একাডেমি মেইন গেটের সামনে একটি ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে যার মাধ্যমে বর্তমান সরকারের উন্নয়নমূলক কার্যক্রমের অংশ হিসেবে একাডেমির তথ্য সম্বলিত উন্নয়ন কার্যক্রম প্রদর্শিত হচ্ছে।
এছাড়াও পরামর্শ সেবার অংশ হিসেবে একাডেমি উদ্ভাবিত সেচ ও পানি ব্যবস্থাপনা বিষয়ক মডেল বিভিন্ন সরকারি, বেসরকারি প্রতিষ্ঠানে তাদের নিজস্ব ব্যয়ে সম্প্রসারণের অংশ হিসেবে মোট ১৫ (পনের) টি প্রতিষ্ঠানে পরিসেবা প্রদান করা হয়। যার মধ্যে চাঁদপুর, মানিকগঞ্জ, বাগেরহাট-চিতলমারী এবং সাতক্ষীরা অঞ্চলে টেকনিক্যাল টেনিং সেন্টারে (টিটিসি) নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত হচ্ছে। পাশাপাশি বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) ক্যাম্পাসে সেচ ও পানি ব্যবস্থাপনা বিষয়ক পরামর্শ সেবা এবং টিএসপি কমপ্লেক্স লিঃ, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম দেশের একমাত্র ফসফেটিক সার কারখানায় পানি সরবরাহ ব্যবস্থা উল্লেখযোগ্য।

## একাডেমি'র ট্রেনিং কার্যক্রম




Leadership & Development Communication এর উপর প্রশিক্ষণ কার্যক্রম




দুগ্ধজাত পণ্য প্রক্রিয়াকরণ ও বিপণন বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম




অন-দা-জব প্রশিক্ষণ





অধিকার, সমতা, ক্ষমতায়ন নারী ও কন্যার উন্নয়ন শীর্ষক সেমিনার




পল্লী উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ শীর্ষক অফিস সংযুক্তি কার্যক্রম

## একাডেমি'র গবেষণা কার্যক্রম


ISSN 1019-9624 www.rda.gov.bd

Bangladesh Rural Development Studies

Volume 28 June, 2025 Number 1

Journal of the
Rural Development Academy, Bogura

Article 01 Problems and prospects of agricultural marketing of vegetable crops: A case study at Maria village of Shajahanpur, Bogura
Md. Imran Hosein | Md. Abdullah Al Mamun | Md. Mohiuddin | Md. Delwar Hossain | Monirul Islam

Article 02 RDA Credit and rural transformation: A socioeconomic impact analysis
Arjuman Jahan | Md. Tanbirul Islam | Md Monjurul Islam | Md. Abdul Majid Pramanik | Mst. Noorunnahar | Umme Sabiha | Humayra Ta-Deen

Article 03 Standardization of safe and low-cost ripening technology of banana for farmers and small traders
Monirul Islam | Fakhar Uddin Talukder | Shakhawat Ullah | Md. Serajul Islam

Article 04 Evaluation of groundwater exploitation in Barind area of Bangladesh: An overview
Md. Tarikul Islam | Chowdhury Sarwar Jahan | Md. Aminul Islam | Md. Nahid Hassan

Article 05 An economic study of dragon fruit production in Tangail district of Bangladesh
Snigdha Sarker | Md. Taj Uddin | Md. Shahin Mia

Article 06 Role of trust in social and business networks: Evidence from a rural setting of northern Bangladesh
Mohammad Mokammel Karim Toufique | Labonno Saha | Mst. Rinu Fatema | Md. Musfikur Rahman | Md. Taibur Rahman

Article 07 Socioeconomic impact of entrepreneurship loan on Char dwellers through M4C Project under CDRC, RDA
Umme Sabiha | Md. Abdul Majid Pramanik | Mst. Noorunnahar | Fakhar Uddin Talukder | Arjuman Jahan | Humayra Ta-Deen | Md. Monjurul Islam

Article 08 Remote sensing based modeling for surface water and soil salinity assessment in Bangladesh
Khandakar Hasan Mahmud | Shariful Islam | Hafsa Mehjabin Prokrity | Sabnam Jareen Laxmi | Tania Islam Toma

Article 09 Geo-spatial analysis of earthquake spatial zoning of Bangladesh
Bibi Hafsa | Eka Ranee Debnath | Samira Mehrin | Sabrina Rahman Nijhum | K.M. Asif Iqbal Akash

Rural Development Academy (RDA), Bogura

একাডেমির গবেষণা কার্যক্রমের তালিকা

## একাডেমি’র প্রায়োগিক গবেষণা কার্যক্রম



প্রায়োগিক গবেষণা কার্যক্রম

## একাডেমি’র পরামর্শমূলক সেবা কার্যক্রম



বিভিন্ন পরামর্শমূলক সেবা কার্যক্রম

পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), বগুড়া কর্তৃক বাস্তবায়িত মেকিং মার্কেটস ওয়ার্ক ফর দ্যা চরস (এমফোরসি)-২য় পর্যায় প্রকল্পের স্থিরচিত্র:










# পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ



পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ

বৈষম্যহীন ন্যায়ভিত্তিক সাম্যের বাংলাদেশ বিনির্মাণে গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে প্রতিষ্ঠিত স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১টি জেলার কেন্দ্রবিন্দুতে অবস্থিত অন্যতম গুরুত্বপূর্ণ একাডেমি হলো পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), গোপালগঞ্জ। দারিদ্র্য বিমোচনের কৌশল ও প্রচেষ্টার সমন্বয় এবং হাতে কলমে যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়ায় বিআরডিবি'র একটি প্রশিক্ষণ কমপ্লেক্স হিসেবে এই প্রতিষ্ঠানের কার্যক্রম শুরু হয়। প্রশিক্ষণ ও গবেষণার মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পরিসরে পল্লী উন্নয়ন, দারিদ্র্য বিমোচন ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রতিষ্ঠানটিকে পল্লী উন্নয়ন একাডেমিতে উন্নীত করা হয়। পরিকল্পিত ও সমতাভিত্তিক পল্লী উন্নয়নের প্রয়াসে শিক্ষিত কর্মহীন ও দুঃস্থ গ্রামীণ জনগোষ্ঠীকে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান, সমুদ্র উপকূলবর্তী এলাকার জলবায়ুর বিরূপ প্রভাব থেকে উত্তরণে হাতে-কলমে প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা এবং কৃষি ও অকৃষি খাতে গবেষণা পরিচালনাপূর্বক ফলাফল বিস্তরণের লক্ষ্যে একাডেমিটি প্রতিষ্ঠালগ্ন থেকে কাজ করে যাচ্ছে।

## তারুণ্যের উৎসব ২০২৫ উদ্‌যাপন

তারুণ্যের উৎসব ২০২৫ উদ্যাপন করার লক্ষ্যে একাডেমি কর্তৃক বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো:

- Freelancing বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন;
- "তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ" বিষয়ক সেমিনার আয়োজন;
- ভলিবল ও রচনা প্রতিযোগিতা আয়োজন;
- জুলাই শহীদ দিবস পালন উপলক্ষ্যে র‍্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন।




জুলাই শহিদ দিবস পালন উপলক্ষ্যে র‍্যালি, আলোচনা সভা ও দোয়া মাহফিল



তারুণ্যের ভাবনায় আগামীর বাংলাদেশ বিষয়ক সেমিনার




তারুণ্যের উৎসব-২০২৫ উপলক্ষ্যে ভলিবল ও রচনা  প্রতিযোগিতা

## প্রশিক্ষণ কার্যক্রম

দক্ষ ও অভিজ্ঞ প্রশিক্ষকবৃন্দের সহায়তায় ক্ষুদ্র ও প্রান্তিক চাষী, বিত্তহীন পুরুষ ও মহিলা এবং বেকার যুবক ও যুব মহিলাদের আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে একাডেমিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের সুযোগ রয়েছে। তন্মধ্যে কম্পিউটার, পোশাক তৈরি, এ্যামব্রয়ডারি, কৃষি, মৎস্য, প্রাণিসম্পদ, ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং ও মোবাইল সার্ভিসিং বিষয়ক কারিগরি প্রশিক্ষণ এবং কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান। এছাড়াও একাডেমিতে বিসিএস ফাউন্ডেশন কোর্সের মাঠ সংযুক্তি প্রশিক্ষণ বাস্তবায়ন করা হয়। ২০২৪-২৫ অর্থবছরে ৩১৮০ জন কর্মহীন ও বেকার যুবক-কে উন্নত কৃষি প্রযুক্তি হস্তান্তর, হাঁস-মুরগী পালন, মৎস্য চাষ, কম্পিউটার, সেলাই, মোবাইল সার্ভিসিং, ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং, খাদ্য প্রক্রিয়াকরণ, হস্তশিল্প বিষয়ক ব্লক-বাটিক, মৎস্য ও প্রাণিজাত খাদ্য প্রক্রিয়াকরণ ইত্যাদি বিষয়ে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।




মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা ও সেবা বিষয়ক প্রশিক্ষণ



সুফলভোগী প্রশিক্ষণার্থীদের মাঝে বীজ বিতরণ



সুফলভোগী প্রশিক্ষণার্থীদের মধ্যে প্রশিক্ষণোত্তর সেলাই মেশিন বিতরণ

## গবেষণা ও প্রদর্শনী কার্যক্রম:

একাডেমি হতে দেশের দক্ষিণাঞ্চলের জলবায়ু, আবহাওয়া, ভূ-প্রকৃতি, লবনাক্ততা, উপকূলীয় জোয়ার ভাটা ও জলবায়ুর প্রভাব বিবেচনায় দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কৃষি, শিক্ষা ও আর্থ-সামাজিক বিষয়ে গবেষণা ও প্রায়োগিক গবেষণা করা হয়ে থাকে। পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনের পন্থা উদ্ভাবনের জন্য এ পর্যন্ত বিভিন্ন বিষয়ে মোট ৩২ টি গবেষণা এবং প্রায়োগিক গবেষণা কার্যক্রম সম্পাদন করা হয়েছে। এর মধ্য হতে প্রায় ২৬ টি গবেষণা দেশি-বিদেশি জার্নালে প্রকাশিত হয়েছে। বিগত ২০২৪-২৫ অর্থ বছরে ০৬টি গবেষণা সম্পন্ন করা হয়। এছাড়াও একাডেমিতে হাতে কলমে প্রশিক্ষণের জন্য কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক সেড ও প্লট প্রদর্শনী স্থাপন করা হয়েছে।



উন্নতপ্রজাতির গাড়ল পালন প্রদর্শনী



দেশী প্রজাতির মুরগী পালন প্রদর্শনী



নার্সারী পুকুরে মাছচাষ প্রদর্শনী



মসুর ও সূর্যমূখীর মিশ্র চাষ বিষয়ক গবেষণা



দেশী প্রজাতির মাছ চাষ প্রদর্শনী




হলুদ চাষের প্রদর্শনী প্লট



ফুলকপি চাষের প্রদর্শনী প্লট



ব্রকলি চাষের প্রদর্শনী প্লট

## সম্ভাবনাময় সুনীল অর্থনীতির অংশ হিসেবে সামুদ্রিক জেলে সম্প্রদায়ের আর্থ- সামাজিক কর্মকান্ডের উপর গবেষণা:

পল্লী উন্নয়ন একাডেমি, গোপালগঞ্জ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে আর্থ-সামাজিক ক্ষেত্রে "সম্ভাবনাময় সুনীল অর্থনীতির অংশ হিসেবে সামুদ্রিক জেলে সম্প্রদায়ের আর্থ- সামাজিক অবস্থা নিরুপন" শীর্ষক গবেষণা পরিচালনা করা হয়। এতে বরগুনা, পটুয়াখালী, চট্টগ্রাম ও কক্সবাজার মৎস্য অবতরণ কেন্দ্রে মোট ১০০ জন জেলের উপর কাঠামোবদ্ধ প্রশ্নমালার মাধ্যমে তথ্য সংগ্রহ করা হয়। এ গবেষণার ফলাফলের উপর ভিত্তি করে একাডেমি হতে ২০০০.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে "সম্ভাবনাময় সুনীল অর্থনীতির অংশ হিসেবে সামুদ্রিক জেলে সম্প্রদায়ের আর্থ- সামাজিক উন্নয়ন" শীর্ষক একটি গবেষণা প্রকল্প প্রনয়ন করা হয় যা পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন রয়েছে।



কক্সবাজার মৎস্য অবতরণ কেন্দ্রে গবেষণার তথ্য সংগ্রহ

# পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), রংপুর

১১ জুলাই ২০২৩খ্রি. তারিখের বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত (২০২৩ সনের ২৩ নং আইন) প্রজ্ঞাপনের মাধ্যমে পল্লী উন্নয়ন একাডেমী, রংপুর প্রতিষ্ঠা করা হয়।




পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর

## প্রশিক্ষণ কার্যক্রম

### কৃষি বিষয়ক প্রশিক্ষণ

পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর-এ ২০২৪-২০২৫ অর্থবছরের রংপুর বিভাগ কৃষি ও গ্রামীণ উন্নয়ণ প্রকল্পের আওতায় ০২ দিনব্যাপী কৃষক দলনেতা প্রশিক্ষণ ও ০৩ দিনব্যাপী কৃষি যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণে প্রায় ১৪৪০ জন কৃষককে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এক্ষেত্রে পল্লী উন্নয়ন একাডেমি, রংপুর প্রয়োজনীয় অবকাঠামোগত ও মাঠ পর্যায়ে যন্ত্রপাতি পরিচালনাগত সুবিধাদি প্রদান করেছে।



কৃষকদের জন্য কৃষি যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণ



কৃষকদের জন্য কৃষি যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ প্রশিক্ষণ

**কম্পিউটার প্রশিক্ষণঃ**

পল্লী উন্নয়ন একাডেমি, রংপুরে ২০২৪-২০২৫ অর্থবছরের গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন এবং আধুনিক নাগরিক সুযোগ সুবিধা সম্বলিত সমবায়ভিত্তিক বহুতল ভবন বিশিষ্ট পল্লী জনপদ নির্মাণ (২য় সংশোধিত) প্রকল্প কর্তৃক আয়োজিত ০৭ দিনব্যাপী কম্পিউটার সংক্রান্ত মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স সম্পন্ন করা হয়েছে।




কম্পিউটার সংক্রান্ত মৌলিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কোর্স

# পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), জামালপুর




পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), জামালপুর

১৮ সেপ্টেম্বর ২০২৩খ্রি. তারিখের বাংলাদেশ গেজেটে অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত (২০২৩ সনের ২৭ নং আইন) প্রজ্ঞাপনের মাধ্যমে পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর প্রতিষ্ঠা করা হয়।

## বাজেট বাস্তবায়ন

২০২৪-২৫ অর্থবছরে পল্লী উন্নয়ন একাডেমি, জামালপুর এর জন্য বিভিন্ন খাতে ১,৫৫,৮৩,১০০/- (এক কোটি পঞ্চান্ন লক্ষ তিরাশি হাজার একশত) টাকা বাজেট বরাদ্দ পাওয়া যায়। উক্ত অর্থবছরে বিভিন্ন খাতে ১,৩০,৭৪,০৪৬/- (এক কোটি ত্রিশ লক্ষ চুয়াত্তুর হাজার ছেচল্লিশ) টাকা যথাযথ ব্যয় সম্পন্ন হয়। বাজেট ব্যয়ের হার প্রায় ৮৩.৮৭।




বাজেট বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা সভা

২০২৪-২৫ অর্থবছরে পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), জামালপুর-এ স্থানীয় জনগণের অংশগ্রহণে কর্মশালা, সেমিনার, তারুণ্যের উৎসব ও সচেতনতা কার্যক্রম পরিচালিত হয়েছে।





তারুণ্যের উৎসব-২০২৫ আলোচনা সভা

বিশ্ববিদ্যালয় ও কলেজের শিক্ষার্থী, জনপ্রতিনিধি, শিক্ষক, গণ্যমান্য ব্যক্তি, ইমাম, সরকারি-বেসরকারি কর্মকর্তা কর্মচারীদের অংশগ্রহণে (প্রায়-৫০০জন) “জমি-জমা ও দলিল রেজিস্ট্রেশন এর প্রাথমিক ধারণা অবহিতকরণ বিষয়ক প্রশিক্ষণ কোর্স” সম্পন্ন করা হয়েছে।






প্রশিক্ষণ কার্যক্রম

কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণ (এপিএম) কেন্দ্র, দেওয়ানগঞ্জ, জামালপুর-এর স্থিরচিত্র



# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) এর মূল কার্যক্রম হলো- পল্লীর দরিদ্র ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন; সমিতির মাধ্যমে পল্লীর দরিদ্র জনগোষ্ঠীকে সংগঠিত করে সদস্যদের পুঁজি গঠন; ঋণ বিতরণের মাধ্যমে উপকারভোগীদের অর্থনৈতিক কর্মকান্ডের সুযোগ সৃষ্টি; প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি, ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ সহায়তার মাধ্যমে অধিক উৎপাদনশীলতা নিশ্চিতকরণ; বিভিন্ন আয় বৃদ্ধিমূলক প্রশিক্ষণের দ্বারা সুফলভোগীদের দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি; সামাজিক উন্নয়নমূলক প্রশিক্ষণের দ্বারা সুফলভোগীদের সচেতনতা বৃদ্ধি এবং নারীর ক্ষমতায়ন বৃদ্ধি; কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ সহায়তা প্রদান সর্বোপরি গ্রামীণ জনগোষ্ঠীর জন্য বিকল্প আত্ম-কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

### পিডিবিএফ প্রধান কার্যালয়ের ভবন ক্রয়

পিডিবিএফ প্রতিষ্ঠার ২৫ বছর অতিবাহিত হলেও এ প্রতিষ্ঠানটির নিজস্ব মালিকানাধীন প্রধান কার্যালয় ছিল না। ৩১ ডিসেম্বর ২০২৪ তারিখ ১৬.০১ কোটি টাকায় প্রধান কার্যালয়ের ভাড়াকৃত ভবনটি নিলাম পরবর্তী জমিসহ ভবনের সাব-কবলা ক্রয় সম্পন্ন করা হয়। এর মাধ্যমে পিডিবিএফ প্রধান কার্যালয় একটি স্থায়ী ঠিকানা লাভ করে।




ক্রয়কৃত পিডিবিএফ এর প্রধান কার্যালয়

### শুন্যপদে নিয়োগ

অর্গানোগ্রাম অনুযায়ী ৭৫৩৭ জন জনবল সংবলিত এ প্রতিষ্ঠানে ৪৫৪৭ টি স্থায়ী পদ শুন্য থাকায় তীব্র জনবল সংকটের কারণে সকল কার্যক্রম প্রায় স্থবির হয়ে ছিল। জনবল সংকট দূরীকরণে  নিয়োগ কার্যক্রমকে সর্বাধিক অগ্রাধিকার প্রদান করে বিগত ২৪ মার্চ ২০২৫ তারিখ ০৩টি গ্রেডে মোট ১৬৬৫টি পদে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। নিয়োগ কার্যক্রমের স্বচ্ছতা ও নিরপেক্ষতা নিশ্চিতকল্পে নিছিদ্র নিরাপত্তা ও সুরক্ষায় টেলিটকের মাধ্যমে আবেদনপত্র গ্রহণ ও প্রক্রিয়াকরণ এবং মিলিটারি ইন্সটিটিউট অব সায়েন্স এন্ড টেকনোলজি (এমআইএসটি)-এর

মাধ্যমে লিখিত পরীক্ষা গ্রহণের দায়িত্ব প্রদান করা হয়। বিগত ২৬ এপ্রিল ২০২৫ তারিখ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয় এবং ১৩ মে ২০২৫ তারিখ লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। বর্তমানে নিরপেক্ষ ভেন্যু সিরডাপ-এ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা গ্রহণ চলমান রয়েছে, যা আগামী ১০ আগস্ট ২০২৫ তারিখে সমাপ্ত হবে। পরবর্তীতে দ্রুততম সময়ে টেবুলেশন কার্যক্রম সম্পন্ন করে চুড়ান্ত ফলাফল প্রকাশ করা হবে।

## পিডিবিএফ-এর আয়কর অব্যাহতি

পিডিবিএফ আইন, ১৯৯৯ অনুযায়ী প্রতিষ্ঠানটি আয়কর অব্যাহতির আওতাধীন উল্লেখ থাকলেও এনবিআর-এর কর আইন অনুযায়ী এ প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে আয়কর প্রদান সংক্রান্ত গুরুতর জটিলতায় পরে। দীর্ঘ সময় ধরে এনবিআর-এর নিকট হতে আয়কর অব্যাহতির বিষয়টি সুরাহা হচ্ছিল না। সম্প্রতি এ বিষয়ে দায়িত্বশীল উদ্যোগ ও নিবিড় যোগাযোগের ফলে আয়কর সংশোধনী অধ্যাদেশ, ২০২৫-এ পিডিবিএফ-এর আয়কর অব্যাহতির বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়। এতে করে আয়কর সংক্রান্ত জটিলতার স্থায়ী সুরাহা নিশ্চিত হয়েছে।

## পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্প ২য় পর্যায়ের কার্যক্রমের সূচনা

পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) গত ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখ প্রকল্প পরিচালক নিয়োগ ও মার্চ ২০২৫ মাস থেকে মাঠ কার্যক্রম সূচনার মাধ্যমে স্থবির হয়ে থাকা এ প্রকল্পের কার্যক্রম শুরু হয়। প্রকল্পটির মধ্য দিয়ে দেশের ৬৪টি জেলায় পিডিবিএফ-এর কার্যক্রম বিস্তার লাভ করে।



পিডিবিএফ সম্প্রসারণ প্রকল্প ২য় পর্যায়ের কার্যক্রমের সূচনায় দোয়া অনুষ্ঠান

## পদোন্নতির কার্যক্রম

দীর্ঘকাল যাবত যথাসময়ে প্রতিষ্ঠানটির জনবল কাঠামোর সকল স্তরে পদোন্নতি না হওয়ায় এ প্রতিষ্ঠানে এক দিকে নেতৃত্ব শূন্যতা দেখা দেয়, উৎপাদনশীলতা ক্ষতিগ্রস্থ হয় ও একইসাথে বঞ্চিত কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে হতাশা

বিরাজ করে। সম্প্রতি চূড়ান্ত গ্রেডেশন তালিকা প্রকাশের মাধ্যমে পদোন্নতি কার্যক্রমের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। দ্রুত পদোন্নতি প্রদানের কার্যক্রম সম্পন্ন করা হবে।

### যানবাহন সংকট নিরসনে গাড়ি ও মোটর সাইকেল ক্রয়:

মাঠ পরিচালন কার্যক্রমে গতিশীলতা আনয়নে এবং মাঠ পরিচালন কার্যক্রম নিবিড় তদারকির স্বার্থে ০৩টি গাড়ি ও ১২৯টি মোটরসাইকেল জিটুজি পদ্ধতিতে ক্রয় সম্পন্ন করা হয়।

### প্রাতিষ্ঠানিক সৌন্দর্য ও শৃঙ্খলা পুনঃপ্রতিষ্ঠা:

দীর্ঘকাল ধরে পিডিবিএফ-এ নানামুখী ব্যক্তিগত হীন স্বার্থ চরিতার্থে সকল ক্ষেত্রে নৈরাজ্য ও অশান্ত পরিবেশ বিরাজমান ছিল। অন্তর্বর্তীকালীন সরকার দায়িত্ব গ্রহণের পর বর্তমান ব্যবস্থাপনা কর্তৃপক্ষ আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে নৈরাজ্য সৃষ্টিকারী ও শৃঙ্খলা বিনষ্টকারী অশুভ চক্র দমন ও নিয়ন্ত্রণের মাধ্যমে প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ও সৌন্দর্য পুনঃপ্রতিষ্ঠা করা সম্ভব হয়েছে।

# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ)

ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) মাধ্যমে পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন, প্রান্তিক চাষী ও ক্ষুদ্র কৃষক পরিবারের সদস্যদেরকে দলভুক্ত করে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদান করা হয়। এছাড়াও প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে গ্রামীণ নারীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন এবং ক্ষমতায়নে কাজ করা হয়।

অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে (২০২৪-২৫) অর্জিত সাফল্যের তথ্য নিম্নরূপ:

ক) সমিতি গঠন ও সদস্য সংক্রান্ত তথ্যাদি

| ক্র: নং | বিবরণ | একক | অর্জন |
|---|---|---|---|
| ১. | নতুন সমিতি গঠন | সংখ্যা | ৭৭৫ |
| ২. | নতুন সদস্য ভর্তি | জন | ১৯,১৯২ |
| ৩. | সুফলভোগীদের নিজস্ব সঞ্চয় বা পুঁজি গঠন | লক্ষ টাকায় | ২,৩২২.৫৮ |
| ৪. | মোট ঋণ বিতরণ | লক্ষ টাকায় | ২,৮০,৩৫.২১ |
| ৫. | মোট ঋণ আদায় | লক্ষ টাকায় | ২,৭৪,৪৯.৯৬ |
| ৬. | কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা উন্নয়ন ও অবহিতকরণ প্রশিক্ষণ | জন | ৩২৩ |
| | কর্মকর্তা/কর্মচারীদের অটোমেশন সফটওয়্যার (এমআইএস ও এআইএস মডিউল) প্রশিক্ষণ | জন | ১০০ |
| ৭. | সুফলভোগীদের আয়বর্ধনমূলক ও উদ্বুদ্ধকরণ কর্মকান্ডে প্রশিক্ষণ প্রদান | জন | ৭,৭২৫ |

খ) ফাউন্ডেশনের কর্মকর্তা/কর্মচারীদের ১ (এক) দিনের বেতনের সমপরিমাণ ৪,৩৩,০০০/- টাকা বন্যার্ত পরিবারকে সাহায্যার্থে প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে প্রদান করা হয়;

গ) ফাউন্ডেশনের আওতাধীন বন্যায় ক্ষতিগ্রস্ত ৭টি জেলার ৩১টি উপজেলায় ক্ষুদ্র কৃষক পরিবারের ১০,০৯১ জন সুফলভোগী সাথে যোগাযোগপূর্বক ১৫৫ জন ক্ষতিগ্রস্থ সদস্যদেরকে তাৎক্ষণিক ১,৫৫,০০০/- টাকা ত্রাণ সহায়তা প্রদান করা হয়েছে। পরবর্তীতে তাঁদের অন্যান্য সহায়তা প্রদান করার জন্য উদ্যোগ গ্রহণ করা হয়;

ঘ) ফাউন্ডেশনের ৩৯ জন কর্মকর্তা/কর্মচারীকে কল্যাণ তহবিল হতে ২.৮১ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়;

ঙ) ফাউন্ডেশনের ৬৯ জন কর্মকর্তা/কর্মচারীকে ৬১.২৩ লক্ষ টাকা সিপিএফ ঋণ প্রদান করা হয় এবং ২৯ জন কর্মকর্তা/কর্মচারীকে ৪৩.০০ লক্ষ টাকা মোটর সাইকেল ক্রয় বাবদ ঋণ প্রদান করা হয়;

## অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে ফাউন্ডেশনের উল্লেখযোগ্য কার্যক্রমের স্থিরচিত্র

### জরিপ কার্যক্রম



সিরাজগঞ্জ জেলার বেলকুচি উপজেলা কার্যালয়ে আঞ্চলিক ব্যবস্থাপকের উপস্থিতিতে সদস্য জরিপ কার্যক্রমের চিত্র

### ঋণ বিতরণ



খুলনা জেলার কয়রা উপজেলা কার্যালয়ে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণের চিত্র

## আয়বর্ধনমূলক প্রশিক্ষণ




পঞ্চগড় সদর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে আয়বর্ধনমূলক প্রশিক্ষণ কার্যক্রমের চিত্র




জামালপুর জেলার মেলান্দহ উপজেলায় উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে আয়বর্ধনমূলক প্রশিক্ষণের চিত্র

## কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ




মাঠ পর্যায়ে উপজেলা ব্যবস্থাপকদের অটোমেশন সফটওয়্যারে এর উপর প্রশিক্ষণ প্রদান।




জামালপুর জেলার ইসলামপুর উপজেলা কার্যালয়ে সুফলভোগী সদস্যদের আয়বর্ধনমূলক প্রশিক্ষণ

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) কর্তৃক বাস্তবায়িত “দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন প্রকল্প” এর কিছু স্থিরচিত্র**




উপজেলা ব্যবস্থাপকদের সফটওয়্যার অটোমেশন প্রশিক্ষণ



চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলা কার্যালয়ের সদস্যদের আইজিএ পরিদর্শন

# বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা)

দেশের জনগণের পুষ্টি চাহিদা পুরণে দুগ্ধ সংকট নিরসনের পদ্ধতি নিরূপণের জন্য ১৯৭৩ সালে জাতিসংঘ উন্নয়ন সংস্থা (ইউএনডিপি) ও ডেনমার্ক'এর আন্তর্জাতিক উন্নয়ন এজেন্সী ড্যানিডা'এর সহায়তায় দুই পরামর্শক যথাক্রমে মিঃ ক্যাসট্রপ ও মিঃ নেলসন কর্তৃক এ দেশের দুগ্ধ শিল্প নিয়ে স্টাডি করা হয়। বাংলাদেশ সরকার স্টাডি দু'টির সুপারিশ বিবেচনা করে ''সমবায় দুগ্ধ প্রকল্প'' নামে ১৯৭৩ সালে একটি দুগ্ধ শিল্প উন্নয়ন প্রকল্প গ্রহণ করে। দুগ্ধ উৎপাদনকারী কৃষকদের স্বার্থ সংরক্ষণ করে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির নিমিত্তে সরকারের ১৩.১২ কোটি টাকা ঋণ সহায়তায় দেশের পাঁচটি দুগ্ধ এলাকায় মিল্কভিটার কারখানা স্থাপন করা হয়।

ক) বৈষম্যহীন বাংলাদেশ গঠনের লক্ষ্যে মিল্ক ইউনিয়ন কর্তৃক সমবায় খামারীদের স্বার্থ রক্ষা করার জন্য ২০২৪-২৫ অর্থবছরে কাঁচা তরল দুগ্ধের মূল্য ধাপে ধাপে ০৪ বার বৃদ্ধি করা হয়েছে।

খ) মিল্ক ইউনিয়নের বাঘাবাড়িঘাট দুগ্ধ কারখানার কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন জনাব ফরিদা আখতার, মাননীয় উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। তিনি গত ০৫/০৭/২০২৫ হতে ০৬/০৭/২০২৫ তারিখে বিডিপিতে অবস্থান করেন এবং মিল্কভিটার নতুন গুঁড়োদুধের কারখানার উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম পরিদর্শন করেন।




জনাব ফরিদা আখতার, মাননীয় উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এঁর মিল্কভিটার কার্যক্রম পরিদর্শনের চিত্র

গ) “সিরাজগঞ্জের বাঘাবাড়ীঘাটে গুঁড়ো দুগ্ধ উৎপাদন কারখানা স্থাপন” শীর্ষক প্রকল্পের আওতায় স্থাপিত নতুন গুঁড়ো দুধ উৎপাদন কার্যক্রম শুরু করা হয়েছে।



সিরাজগঞ্জের বাঘাবাড়ী ঘাটে গুঁড়ো দুধ উৎপাদন কার্যক্রমের চিত্র

ঘ) জুলাই শহীদ স্মরণে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা) এর প্রধান কার্যালয়ে “মিল্কভিটা জুলাই গ্যালারী” স্থাপন করা হয়েছে।



জুলাই শহীদ স্মরণে প্রধান কার্যালয়ে “মিল্কভিটা জুলাই গ্যালারী” স্থাপনের চিত্র



২৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জনাব এ.এফ. হাসান আরিফ, মাননীয় উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিঃ (মিল্কভিটা) এর প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন।

## বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) কর্তৃক বাস্তবায়িত প্রকল্প

বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চলে গবাদিপশুর জাত উন্নয়ন, চারণভূমি সৃজন ও দুগ্ধের বহুমূখী ব্যবহার নিশ্চিতকরণে দুগ্ধ কারখানা স্থাপন প্রকল্প (জানুয়ারি, ২০১৮ -জুন, ২০২৫) এর স্থির চিত্র



মিল্কভিটার কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের আওতায় বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চলে সুবিধাভোগীদের প্রশিক্ষণ কার্যক্রম



মিল্কভিটা কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের আওতায় বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চলে সুবিধাভোগীদের মাঝে চেক বিতরণ

# বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ




বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ (বিএসবিএল)এর প্রধান কার্যালয়

বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ সমবায় অঙ্গানে শীর্ষ অর্থ সরবরাহকারী আর্থিক প্রতিষ্ঠান হিসেবে কাজ করে আসছে। বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ, সমবায় সমিতি আইন-২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধিত ২০২০) অনুযায়ী নিবন্ধিত একটি জাতীয় সমবায় সমিতি। ১৯৪৮ সালে 'ইষ্ট পাকিস্তান প্রোভিনসিয়াল কো-অপারেটিভ ব্যাংক লিঃ নামে ব্যাংকটি প্রথম নিবন্ধিত হয়। স্বাধীনতার পর ১৯৭২ সালে উপ-আইন সংশোধনপূর্বক এই ব্যাংকের নামকরণ করা হয় বাংলাদেশ জাতীয় সমবায় ব্যাংক লিঃ। ১৯৭৮ সালে পুনরায় উপ-আইন সংশোধনপূর্বক এই ব্যাংকের নামকরণ করা হয় বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ (বিএসবিএল)।

২০২৪-২০২৫ অর্থবছরে ব্যাংকের নীট মুনাফা হয়েছে ৪৬৮.৬৪ লক্ষ টাকা যা বিগত কয়েক অর্থ বছরের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে। বর্তমানে ব্যাংকে শৃঙ্খলা ফিরে আসায় নীতিমালা অনুযায়ী ঋণ প্রদান ও আদায় করা হচ্ছে। ২০২৪-২০২৫ অর্থবছরে ২২৩ জন সুবিধাভোগীকে ৭ কোটি ৫৩ লক্ষ টাকা পার্সোনাল ঋণ এবং ১৭৮৩ জন সুবিধাভোগীকে ৩২ কোটি ৫৩ লক্ষ ৬০ হাজার টাকা স্বর্ণ জামানত ঋণ প্রদান করা হয়েছে। ৫ আগস্ট ২০২৪ এর পর নারায়ণগঞ্জস্থ বিএসবিএল কমার্শিয়াল কমপ্লেক্স অবৈধ দখলমুক্ত হওয়ায় এ ব্যাংক আর্থিকভাবে লাভবান হচ্ছে এবং বিএসবিএল এর নিয়ন্ত্রণে ব্যবসায়িক কার্যক্রম পরিচালিত হচ্ছে।




দখলমুক্ত বাংলাদেশ সমবায় ব্যাংক কমার্শিয়াল কমপ্লেক্স, নারায়ণগঞ্জ